

তোমার বীণা আমার মনোমাবে
 কখনো শুনি, কখনো ভুলি, কখনো শুনি না যে ॥
 আকাশ যবে শিহরি উঠে গানে
 গোপন কথা কহিতে থাকে ধরার কানে কানে—
 তাহার মাঝে সহসা মাতে বিষম কোলাহলে
 আমার মনে বাঁধনহারা স্বপন দলে দলে ।
 হে বীণাপাণি, তোমার সভাতলে
 আকুল হিয়া উন্মাদিয়া বেসুর হয়ে বাজে ॥
 চলিতেছি তব কমলবনে,
 পথের মাঝে ভুলালো পথ উতলা সমীরণে ।
 তোমার সুর ফাগুনরাতে জাগে,
 তোমার সুর অশোকশাখে অরুণরেণুরাগে ।
 সে সুর বাহি চলিতে চাহি আপন-ভোলা মনে
 গুঞ্জরিত-ত্বরিত-পাখা মধুকরের সনে ।
 কুহেলী কেন জড়ায় আবরণে—
 আঁধারে আলো আবিলা করে, আঁখি যে মরে লাজে ॥

Parjaay: Puja, Taal: Jhampak, Raag: Ashabari-Bhairavi
 Visit www.geetabitan.com for notation and other detail